

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪১.২০১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল মোমেন, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর নওগাঁ-এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল-বগুড়ায় কর্মকালীন অসদাচরণের অভিযোগে অত্র দপ্তরের ১৮-১১-২০১৫ খ্রিঃ তারিখের ৪২২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;


০২। যেহেতু, তিনি উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে গত ১৩-১২-২০১৫ খ্রিঃ তারিখে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ০২-০২-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার নথি পর্যালোচনা এবং ব্যক্তিগত শুনানীতে অভিযোগসমূহ তদন্ত হওয়ার প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ আংশিক প্রমানিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) ধারার বিধান মতে তাকে চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) দপ্তরোপের প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ০২-৫-২০১৬ খ্রিঃ তারিখের ১১৮ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

০৪। যেহেতু, বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদনে অভিযোগ আংশিক প্রমানিত হওয়া, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, অসদাচরণের জন্য তার ক্ষমা প্রার্থনা ইত্যাদি বিবেচনায় নিয়ে এবং সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনান্তে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক তাকে লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক জনাব মোঃ আব্দুল মোমেন, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর নওগাঁ-কে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২০/১/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪১.২০১৫- ২৭৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর নওগাঁ-কে অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত দণ্ড তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ০৬। জনাব মোঃ আব্দুল মোমেন, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর নওগাঁ।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯